রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
বিধি-৫ শাখা

## প্রজ্ঞাপন

তারিখ, ১২ জুন ২০০৬/২৯ জ্যৈষ্ঠ ১৪১৩

এস, আর, ও নং ১৪২-আইন/২০০৬।—যেহেতু সংবিধান অনুসারে নির্বাহী বিভাগ হইতে বিচার কর্ম বিভাগ পৃথকীকরণ প্রক্রিয়ায় একটি স্বতন্ত্র সার্ভিস হিসাবে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের সদস্যগণের কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান ও চাকুরীর অন্যান্য শর্তাবলী বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **বিধিমালার নাম ও প্রবর্তন**।—(১) এই বিধিমালা বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস (কর্মস্থল নির্ধারণ, পদোন্নতি, ছুটি মঞ্জুরী, নিয়ন্ত্রণ, শৃঙ্খলা-বিধান ও চাকুরীর অন্যান্য শর্তাবলী) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি বা রাষ্ট্রপতি কর্তৃক সংবিধানের ৫৫(৬) অনুচ্ছেদ অনুসারে প্রণীত Rules of Business এর আওতায় সার্ভিস প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা বিভাগ;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ রাষ্ট্রপতি;

(ঘ) "সার্ভিস" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীনে প্রণীত বিধিমালা দ্বারা গঠিত বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস;

(ঙ) "সার্ভিস পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) "সার্ভিসের সদস্য" অর্থ বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিসের কোন সদস্য।



মূল্য ঃ টাকা ৪.০০

৩। **কর্মস্থল নির্ধারণ।**—(১) উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের সদস্যগণের কর্মস্থল নির্ধারণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সার্ভিসের সদস্যগণের কর্মস্থল নির্ধারণের উদ্দেশ্যে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, প্রয়োজনবোধে সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা কোন নির্দিষ্ট কর্মস্থলে বা কোন শ্রেণীর কর্মস্থলে অবস্থানের মেয়াদ নির্ধারণ করিতে পারিবে।

৪। **পদোন্নতি ও পদায়ন।**—(১) নিয়োগকারী কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের কোন সদস্যকে তফসিলে উল্লিখিত পদসমূহে উহার বিপরীতে উল্লিখিত যোগ্যতার ভিত্তিতে পদোন্নতি প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর আওতায় পরামর্শ প্রদানের সুবিধার্থে সুপ্রীমকোর্ট, উহার প্রযোজ্য বিধি মোতাবেক গঠিত সংশ্লিষ্ট কমিটিকে পদোন্নতিযোগ্য কর্মকর্তাগণের সার্ভিস রেকর্ড যাচাই-বাছাই এবং কোর্টের নিকট সুপারিশ উপস্থাপনের দায়িত্ব প্রদান করিতে পারিবে।

(৩) উক্ত কমিটিকে দায়িত্ব প্রদান করা হইলে, উহার সুপারিশের বিষয়ে কোর্টের প্রযোজ্য বিধি অনুসারে পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৪) সার্ভিসের কোন পদে সাময়িক শূন্যতার ক্ষেত্রে জেলা ও দায়রাজজ বা ক্ষেত্রমত দায়রাজজ তাহার অধীনে কর্মরত কোন কর্মকর্তাকে সাময়িকভাবে উক্ত শূন্য পদের দায়িত্ব প্রদান করিতে পারিবেন।

৫। **ছুটি।**—(১) সার্ভিসের সদস্যগণের ছুটি এবং আনুষঙ্গিক বিষয়ে পূর্ণাঙ্গ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তা প্রচলিত নিয়ম-কানুন অনুসারে যেইরূপ ছুটি অর্জন ও ভোগ করিবার অধিকারী সেইরূপ ছুটি সার্ভিসের সদস্যগণ অর্জন ও ভোগ করিবার অধিকারী হইবেন।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের সদস্যগণকে নৈমিত্তিক ছুটি ব্যতীত উপ-বিধি (১)-এ উল্লিখিত অন্যান্য ছুটি মঞ্জুর করিবে এবং বিধি ৮ এ উল্লিখিত স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত সুপ্রীমকোর্ট কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষ নৈমিত্তিক ছুটি মঞ্জুর করিবে।

(৩) সুপ্রীমকোর্ট যে মেয়াদে ও শর্তে আদালতের অবকাশ নির্ধারণ করিবে, সার্ভিসের সদস্যগণ সে মেয়াদ ও শর্তে উক্ত অবকাশকালীন ছুটি ভোগ করিবার অধিকারী হইবেন।

৬। **শৃঙ্খলা বিধান।**—(১) সার্ভিসের সদস্যদের সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ ও অপসারণ ব্যতীত শৃঙ্খলা সংক্রান্ত অন্যান্য বিষয়ে আলাদা বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে উপযুক্ত কর্তৃপক্ষ, সরকারের একজন প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য The Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর বিধানাবলী, প্রয়োজনীয় অভিযোজনসহ (*mutatis mutandis*) অনুসরণ করিবে ঃ

তবে শর্ত থাকে যে, সার্ভিসের সদস্যদের ক্ষেত্রে সরকারী কর্মকর্তাদের জন্য প্রয়োজ্য শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে উক্ত Rules বা অন্য কোন আইন অনুসারে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শের প্রয়োজন হইবে না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সার্ভিসের কোন সদস্যকে সাময়িক বরখাস্তকরণ, বরখাস্তকরণ বা অপসারণের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১১৫ অনুচ্ছেদের অধীন প্রণীত বিধিমালা প্রযোজ্য হইবে।

৭। **সুপ্রীমকোর্ট, আইন মন্ত্রণালয় ও অন্যান্য অফিসে প্রেষণে নিয়োগ, ইত্যাদি।**—(১) সুপ্রীমকোর্টের চাহিদা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক সার্ভিস সদস্যকে উক্ত কোর্টে বদলী করিবে।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, সার্ভিসের সদস্যগণকে—

(ক) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে সংরক্ষিত পদসমূহে প্রেষণে নিয়োগ বা অন্যবিধভাবে নিয়োগের ব্যবস্থা করিতে পারিবে; এবং

(খ) অন্যান্য সরকারী অফিস বা জাতীয় সংসদ সচিবালয় বা নির্বাচন কমিশন সচিবালয় বা অন্য কোন কর্তৃপক্ষের অফিসে প্রেষণে নিয়োগ বা বদলীর ব্যবস্থা করিতে পারিবে।

(৩) প্রেষণে নিয়োজিত থাকাকালে সার্ভিসের সদস্যগণকে তাহাদের প্রাপ্য সাধারণ বেতন-ভাতা ও সুবিধাদী অপেক্ষা কম বেতন-ভাতা ও সুবিধাদী প্রদান করা যাইবে না।

(৪) সার্ভিসের সদস্যগণ প্রেষণে নিযুক্ত থাকাকালে তাহাদের বিরুদ্ধে কোন শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের আবশ্যকতা দেখা দিলে সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষ উদ্ভূত পরিস্থিতি বর্ণনা করিয়া উপযুক্ত কর্তৃপক্ষকে ইহা অবহিত করিবে এবং তৎপ্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৫) এই বিধির অধীনে সার্ভিসের কোন কর্মকর্তা প্রেষণে নিযুক্ত থাকিবার কারণে অন্যান্য কর্মকর্তার সহিত তাহার পারস্পরিক জ্যেষ্ঠতা বা পদোন্নতির অধিকার ক্ষুণ্ন হইবে না।

৮। **সার্ভিসের সদস্যগণের স্থানীয় প্রশাসন।**—(১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে—

(ক) জেলা ও দায়রাজজ হইবেন তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ;

(খ) মেট্রোপলিটান সেশনস্ জজ হইবেন তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্য সকল কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ;

(গ) জেলা ও দায়রাজজের সমপর্যায়ের বিচারক হইবেন তাহার অধীনে কর্মরত সার্ভিসের অন্যান্য কর্মকর্তার প্রশাসনিক বিষয়ে স্থানীয় নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত স্থানীয় প্রশাসনিক বিষয়ে নিয়ন্ত্রণ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, সাধারণ বা বিশেষ নির্দেশনা জারী করিলে তাহা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা অনুসরণ করিবেন।

(৩) সার্ভিস পদে কর্মরত থাকাকালীন সার্ভিসের সদস্যগণের গোপনীয় অনুবেদন লিখন সংক্রান্ত বিষয় নির্ধারণের একক এখতিয়ার থাকিবে সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের এবং উক্ত বিভাগের নির্দেশের আলোকে উক্ত অনুবেদন লিখন ও আনুষঙ্গিক কার্যক্রম সম্পন্ন হইবে। তবে প্রেষণে কর্মরত কর্মকর্তার ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস প্রধান বা উহার উর্ধ্বতন কর্তৃপক্ষ গোপনীয় অনুবেদন লিখন সম্পন্ন করিয়া উহার একটি মূলকপি সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে প্রেরণ করিবেন।

৯। **প্রজাতন্ত্রের কর্মে সার্ভিসের সদস্যদের অবস্থান, পারস্পরিক অবস্থান ও কর্মের অন্যান্য শর্তাবলী।**—(১) সার্ভিসের সদস্যগণ প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা গণ্য হইবেন।

(২) উপযুক্ত কর্তৃপক্ষ সময় সময় সার্ভিসের সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতাসম্বলিত গ্রেডেশন তালিকা প্রকাশ করিবেন; এবং এই তালিকায় প্রদর্শিত জ্যেষ্ঠতাই হইবে সার্ভিসের সদস্যগণের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণের প্রাথমিক ভিত্তি।

(৩) কোন কর্মকর্তা পদোন্নতির সময় বা অন্য কোন কারণে অতিক্রান্ত না হইলে সার্ভিসে তাহার জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ সরকারী কর্মকমিশন বা অন্য কোন যথাযথ কর্তৃপক্ষ বা জুডিশিয়াল সার্ভিস কমিশন কর্তৃক সুপারিশকৃত তালিকার ভিত্তিতে সময় সময় গ্রেডেশন তালিকা প্রকাশ করিবে এবং প্রয়োজনবোধে উহা সংশোধন করিতে পারিবে।

(৪) কোন কর্মকর্তার অতিক্রান্ত জ্যেষ্ঠতা পুনরুজ্জীবিতকরণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ, সুপ্রীমকোর্টের সহিত পরামর্শক্রমে, উহা নির্ধারণ করিতে পারিবেন।

(৫) এই বিধিমালায় বিধৃত নহে কর্মের এইরূপ অন্যান্য শর্তাবলী নির্ধারণ করিয়া আলাদা বিধান প্রণীত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ, পেনশন, ভবিষ্য তহবিল, সিলেকশন গ্রেড এবং অন্যান্য সকল বিষয়ে সরকারের প্রথম শ্রেণীর কর্মকর্তাদের জন্য প্রযোজ্য সুবিধাদি সার্ভিসের সদস্যগণ প্রাপ্ত হইবেন; তবে উক্ত অন্যান্য শর্তাবলী নির্ধারণের ক্ষেত্রে বিদ্যমান সুযোগ-সুবিধাদির হানি ঘটাইয়া বা রদ করিয়া কোন বিধান প্রণয়ন করা যাইবে না।

১০। **হেফাজত**।—Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর বিধানাবলী অনুসরণক্রমে ইতিপূর্বে মুনসেফ বা সহকারী জজ পদে যে সকল নিয়োগ এবং সিনিয়র মুন্সেফ বা সিনিয়র সহকারী জজ বা বিচার কর্ম বিভাগের তদূর্ধ্ব পদে যে সকল পদোন্নতি বা নিয়োগ, এবং অন্যান্য আইনকানুন অনুযায়ী শৃঙ্খলা বা ছুটি বা চাকুরীর অন্যান্য বিষয়ে সিদ্ধান্ত বা আদেশ প্রদান বা ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে তাহা এই বিধিমালার অধীনে প্রদত্ত বলিয়া গণ্য হইবে ঃ

## তফসিল

**[ বিধি ২(ঘ) এবং ৪(১) দ্রঃ ] প্রথম অংশ**

**বিভিন্ন পদে পদোন্নতি জন্য প্রয়োজনীয় যোগ্যতা**

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | জেলাজজ/জেলা ও দায়রাজজ/দায়রাজজ/ সমপর্যায়ের অন্যান্য বিচারিক পদ। | অতিরিক্ত জেলাজজ বা অতিরিক্ত জেলা ও দায়রাজজ বা অতিরিক্ত দায়রাজজগণের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। | অতিরিক্ত জেলাজজ বা সমমানের বিচারিক পদে ১(এক) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে মোট ১৫ (পনের) বৎসরের চাকুরী। |
| ২। | অতিরিক্ত জেলাজজ/ অতিরিক্ত জেলা ও দায়রাজজ/অতিরিক্ত দায়রাজজ। | যুগ্ম-জেলাজজ বা যুগ্ম-জেলা ও সহকারী দায়রাজজ বা সহকারী দায়রাজজদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। | যুগ্ম-জেলাজজ বা যুগ্ম-জেলা ও সহকারী দায়রাজজ বা সহকারী দায়রাজজ বা সমমানে বিচারিক পদে অন্ততঃ ১(এক) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে মোট ১২(বার) বৎসরের চাকুরী। |
| ৩। | যুগ্ম-জেলাজজ/যুগ্ম-জেলা ও সহকারী দায়রাজজ /সহকারী দায়রাজজ। | সিনিয়র সহকারী জজদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। | সিনিয়র সহকারী জজ বা বিচারিক পদে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ প্রথম শ্রেণীর পদে মোট ১০(দশ) বৎসরের চাকুরী। |
| ৪। | সিনিয়র সহকারী জজ | সহকারী জজদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। | সহকারী জজ পদে মোট ৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মুহম্মদ মাহবুবুর রহমান**
সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।